নেত্রকোণা পৌরসভা কার্যালয়
নেত্রকোণা

স্মারক নং-নেত্র/পৌর/প্রশাঃ/২০২৬/ তারিখ ঃ /০১/২০২৬ইং

১৪৩৩ বাংলা সনের হাট-বাজার/টার্মিনাল/পুকুর ১ম/২য়/৩য় ইজারা বিজ্ঞপ্তি নং- ০১/২০২৫-২০২৬ ইং

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নেত্রকোণা পৌরসভাধীণ নিম্ন বর্ণিত হাট-বাজার/টার্মিনাল/পুকুর সমূহ **১লা বৈশাখ ১৪৩৩ হইতে ৩০ শে চৈত্র/১৪৩৩ বঙ্গাব্দ ০১(এক) বছর মেয়াদী ইজারা বন্দোবস্ত** শর্ত সাপেক্ষে ক্যালেন্ডার সময় সূচী অনুযায়ী সীল মোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র সিডিউল নেত্রকোণা পৌরসভা কার্যালয়, জেলা প্রশাসক, নেত্রকোণা, পুলিশ সুপার, নেত্রকোণা, উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর, সহকারী কমিশনার (ভূমি) নেত্রকোণা সদর, থেকে দরপত্র দাখিলের ক্যালেন্ডার অনুযায়ী (বন্ধের দিন ব্যতিত) অফিস চলাকালীন সময়ে নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) দরপত্র দলিল সংগ্রহ করা যাবে। দরপত্র সমূহ নির্ধারিত তারিখ ও বর্ণিত সময় পর্যন্ত সংশ্লিষ্ট কার্যালয় সমূহে রক্ষিত টেন্ডার বাক্সে গ্রহণ করা হবে এবং একই দিন বেলা ৩.০০ ঘটিকায় উপস্থিত দরদাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকে) নিম্নস্বাক্ষর কারীর কার্যালয়ে দরপত্র সমূহ খোলা হবে। টেন্ডার সংক্রান্ত বিস্তারিত তথ্য অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষর কারীর কার্যালয় থেকে জানা যাবে।

তফসিলকৃত হাট-বাজার/পুকুর/টার্মিনাল সমূহের নাম ঃ

ক্রঃ নং	হাটবাজার, পুকুর ও টার্মিনাল এর নাম	অবস্থান	সরকারি মূল্য	দরপত্রের সিডিউল মূল্য
০১	রাজুর বাজারস্থ গরুর হাট	নেত্রকোণা পৌরসভা	**২০৯৬০০/-**	**১২০০/-**
০২	রাজুর বাজারস্থ খাসির হাট	নেত্রকোণা পৌরসভা	**৩,৪২,৯১০/-**	**১৪০০/-**
০৩	পুরাতন মাছ বাজার	নেত্রকোণা পৌরসভা	**৬,০৯,৯২৪/-**	**২০০০/-**
০৪	জয়ের বাজার	নেত্রকোণা পৌরসভা	**২৪,১৯,২৭৪/-**	**৫,৬০০/-**
০৫	পান মহাল	নেত্রকোণা পৌরসভা	**১,৫৯,৫৩০/-**	**১০০০/-**
০৬	বড়বাজারস্থ ডাল মাটি বাঁশ বেত মহাল	নেত্রকোণা পৌরসভা	**৪১,৫২০/-**	**৫০০/-**
০৭	বড়বাজারস্থ জাল ও সরিষা মহাল	নেত্রকোণা পৌরসভা	**২৪,৮০৫/-**	**৫০০/-**
০৮	বড়বাজারস্থ মাছ তরকারির মহাল	নেত্রকোণা পৌরসভা	**৩,৮৫,৩১০/-**	**১৪০০/-**
০৯	বড়বাজারস্থ চাল ও বীজ মহাল	নেত্রকোণা পৌরসভা	**৯৬,৪৬০/-**	**৫০০/-**
১০	আনন্দবাজারস্থ কাচা বাজার	নেত্রকোণা পৌরসভা	**৮৭,৬৬২/-**	**৫০০/-**
১১	আন্তঃ জেলা বাস টার্মিনাল	নেত্রকোণা পৌরসভা	**৫,৭২,২১৫/-**	**১৮০০/-**
১২	আন্তঃ জেলা বাস টার্মিনাল সংলগ্ন সার্ভিসিং সেন্টার ও পুকুর	নেত্রকোণা পৌরসভা	**১,৭১,১৯০/-**	**১০০০/-**
১৩	মোহনগঞ্জ বাস টার্মিনাল	নেত্রকোণা পৌরসভা	**৮৫,৫৪২/-**	**৫০০/-**
১৪	ট্রাক ষ্ট্যান্ড (পৌর এলাকা)	নেত্রকোণা পৌরসভা	**৬,৯৬,৯৮৫/-**	**২০০০/-**
১৫	কুরপাড় সিএনজি স্ট্যান্ড	নেত্রকোণা পৌরসভা	**১,৬৬,৯৫০/-**	**১০০০/-**
১৬	হোসেনপুর সি এনজি স্ট্যান্ড	নেত্রকোণা পৌরসভা	**১,৮৫,৫০০/-**	**১০০০/-**
১৭	ইসলামপুর সিএনজি স্ট্যান্ড	নেত্রকোণা পৌরসভা	**৬৩,১৮৫/-**	**৫০০/-**
১৮	সাতপাই রেলক্রসিং সিএনজি স্ট্যান্ড	নেত্রকোণা পৌরসভা	**৬৫,৭৯০/-**	**৫০০/-**
১৯	রাজুর বাজার সিএনজি স্ট্যান্ড	নেত্রকোণা পৌরসভা	**২,২৯,৩১৩/-**	**১২০০/-**

দরপত্র দাখিলের সময়সূচী ঃ-

ইজারার বিবরণ	দরপত্র বিক্রয় এর শেষ তারিখ (অফিস চলাকালীন সময় পর্যন্ত)	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র বাক্স খোলার তারিখ ও সময়	মন্তব্য
১ম বার দরপত্র বিক্রয়	২৮/০১/২০২৬ ইং রোজ ঃ বুধবার	২৯/০১/২০২৬ ইং রোজ-বৃহস্পতিবার বেলা ঃ ১.০০ ঘটিকা	২৯/০১/২০২৫ ইং রোজ-বৃহস্পতিবার বেলা ঃ ৩.০০ ঘটিকা	
২য় বার দরপত্র বিক্রয়	২৪/০২/২০২৬ ইং রোজ ঃ মঙ্গলবার	২৫-০২-২০২৬ ইং রোজ ঃ বুধবার বেলা-১.০০ ঘটিকা	২৫-০২-২০২৬ ইং রোজ ঃ বুধবার বেলা-৩.০০ ঘটিকা	
৩য় বার দরপত্র বিক্রয়	১৫/০৩/২০২৬ ইং রোজঃ রবিবার	১৬-০৩-২০২৬ইং রোজ-সোমবার বেলা-২ ঘটিকা	১৬-০৩-২০২৬ ইং রোজ-সোমবার বেলা-৩.০০ ঘটিকা	

শর্তাবলী ঃ-

০১। দরপত্রের সহিত দরপত্রের দরের(ডাকের) ১০০% (শতকরা একশত ভাগ) অর্থাৎ দেয় দরের সম্পূর্ণ টাকা বাংলাদেশের যে কোন তফসিলি ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে প্রশাসক, নেত্রকোণা পৌরসভা বরাবরে জমা দিতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ব্যতিত দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হবে।

০২। দরপত্রে দাখিলকৃত দরের (ডাকের) উপর অতিরিক্ত ১০% (শতকরা দশ ভাগ) আয়কর, ১৫% (শতকরা পনের ভাগ) ভ্যাট(মূল্য সংযোজন কর) ও ৫% (শতকরা পাঁচ ভাগ)জামানত হিসেবে পৃথক পৃথক ভাবে যে কোন তফসিলি ব্যাংকের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার প্রশাসক, নেত্রকোণা পৌরসভা বরাবরে অবশ্যই জমা প্রদান করতে হবে। অন্যথায় দরপত্রদাতার দরপত্র গ্রহণযোগ্য হবে না। বছর সমাপনান্তে জামানতের জমাকৃত ৫% টাকা হাট বাজারের কোন ক্ষতি সাধিত না হলে জমাকারী বরাবরে প্রত্যার্পন করা হবে। ইজারা গ্রহিতা নিয়মিত হাট-বাজার/টার্মিনাল/পুকুর নিজ খরচে পরিষ্কার না করিলে জমাকৃত জামানত হইতে পরিষ্কার করতঃ ব্যয়ভার মিটানো হবে।

০৩।দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফার অন্তর্ভুক্ত হাট-বাজার/টার্মিনাল/পুকুরের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

০৪। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা/টার্মিনাল/পুকুরের নাম ও ক্রমিক নং স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৫। সরকার অনুমোদিত টোল রেইট অনুযায়ী টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার কর্তৃক নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাঙ্গাইয়া প্রচার করতে হবে। এতদ বিষয়ে কোন আপত্তি/সমস্যার উদ্ভব হলে প্রচলিত সরকারী বিধি/নীতিমালা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৬। প্রত্যেক বাজার/টার্মিনালের জন্য পৃথক সীল মোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্টায় স্বাক্ষর করতে হবে। স্বাক্ষর বিহীন দরপত্র সরাসরি বাতিল বলিয়া গন্য হবে।

০৭। ইজারাদার কোন ক্রমেই হাট-বাজার/ টার্মিনালের অন্যের নিকট সাব লিজ দিতে পারবে না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয়

অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তাহলে ইজারা বাতিল বলিয়া গণ্য হবে।

০৮। ইজারার সমুদয় অর্থ (ভ্যাট,আয়কর ও জামানতসহ) পরিশোধের ০৩ (তিন) কার্য দিবসের মধ্যে ৩০০/= (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক প্রশাসক,নেত্রকোণা পৌরসভার সহিত ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

০৯। ০২ (দুই) বা ততোধিক দরপত্র দাতার দর সর্ব্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের মতামতই চূড়ান্ত বলে গন্য হবে।

১০। ইজারাদার নিজ খরচে হাট-বাজার/টার্মিনাল পরিষ্কার পরিচ্ছন্ন রাখবেন।

১১। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষণ করবেন। কর্তৃপক্ষ হাট-বাজার/টার্মিনাল/পুকুর পরিদর্শন কালে প্রয়োজনে রেজিষ্টার দেখাতে বাধ্য থাকবেন।

১২। দরপত্রে কোন প্রকার ঘসা-মাঝা,কাটা-কাটি,লেখার উপর লেখা,অস্পষ্ট/স্বাক্ষর বিহীন দরপত্র গ্রহণ যোগ্য হবে না।

১৩। এছাড়াও সরকার কর্তৃক প্রদত্ত ও সময় জারীকৃত হাট-বাজার নিয়ন্ত্রণ ও ইজারা প্রদানের বিধি ও শর্তাবলী উক্ত ইজারাদারের ক্ষেত্রে প্রযোজ্য হইবে এবং ইজারাদার উহা মেনে চলতে বাধ্য থাকবেন।

১৪। প্রত্যেক ইজারাদানের ২০২৫-২০২৬ অর্থ বছরের জন্য ইজারাদার হিসেবে ট্রেড লাইসেন্স উক্ত দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে। অন্যথায় ইজারা দরপত্র বাতিল বলে গণ্য হবে।

১৫। কোন কারণ ব্যাতিরেকে যে কোন দরপত্র গ্রহন বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(মোঃ আরিফুল ইসলাম সরদার)
প্রশাসক
নেত্রকোণা পৌরসভা
নেত্রকোণা।
ফোন: ০২৯৯৬৬৫১১৭৮
e-mail: netrakonapourashava@gmail.com

স্মারক নং-নেত্র/পৌর/প্রশাঃ/২৬/ তারিখঃ / / ২০২৬ খ্রিঃ

সদয় অবগতি ও কার্যার্থে ঃ

০১। সচিব,স্থানীয় সরকার বিভাগ,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার ময়মনসিংহ।
০৩। জেলা প্রশাসক,নেত্রকোণা।
০৪। পুলিশ সুপার, নেত্রকোণা।
০৫। উপজেলা নির্বাহী অফিসার,নেত্রকোণা সদর,নেত্রকোণা।
০৬। সহকারী কমিশনার (ভূমি),নেত্রকোণা সদর,নেত্রকোণা।

প্রশাসক
নেত্রকোণা পৌরসভা
নেত্রকোণা।
ফোন: ০২৯৯৬৬৫১১৭৮
e-mail: netrakonapourashava@gmail.com

স্মারক নং-নেত্র/পৌর/প্রশাঃ/২৬/ তারিখঃ / / ২০২৬ খ্রি ঃ

০১। জনাব,.....সদস্য, সমন্বয় কমিটি/দরপত্র মূল্যায়ণ কমিটি, নেত্রকোণা পৌরসভা।

০২। নির্বাহী প্রকৌশলী, নেত্রকোণা পৌরসভা। তাকে দরপত্র মূল্যায়ণ কমিটির সভাপতি হিসেবে প্রতিটি ক্ষেত্রে দরপত্র জমার পর উক্ত কমিটির সভা আহবান করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

০৩। জনাব.....বিভাগীয়/শাখা প্রধান (সকল),নেত্রকোণা পৌরসভা।
০৪। সভাপতি/সম্পাদক, নেত্রকোণা জেলা পরিবহন মালিক সমিতি, নেত্রকোণা।
০৫। জনাব/মেসার্স.....
০৬। সম্পাদক,দৈনিক ইনকিলাব.....
০৭। নোটিশ বোর্ড,নেত্রকোণা পৌরসভা।
০৮। অফিস কপি।

প্রশাসক
নেত্রকোণা পৌরসভা
নেত্রকোণা।
ফোন: ০২৯৯৬৬৫১১৭৮
e-mail: netrakonapourashava@gmail.com